



Religion is Personal Country for All

# Inter Religion Harmony Society (IRHS)

Regd. No. 8-11586/2012

11, Shahid Tajuddin Ahmed Saroni, Floor-12, Flat-D, Dhaka-1207, Bangladesh.  
Phone : +8801772-682816, +8801819 067998, E-mail : interreligionhs@gmail.com

Ref : স্মারক/ইন্টার/রিলিজিয়ান/২১০/২০১৯

Date : ২০.০৭.২০১৯

## প্রেস বিজ্ঞপ্তি

বার্তা সম্পাদক

দৈনিক পত্রিকা/টেলিভিশন

প্রিয় মহোদয়,

আগামী ২১ জুলাই, ২০১৯ রোববার সকাল ১০.৩০ মিনিটে জাতীয় প্রেস ক্লাব ভিআইপি লাউঞ্জ-এ মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের কাছে বাংলাদেশের ধর্মীয় সংখ্যালঘুদের বিষয়ে প্রিয়া সাহার মিথ্যা অভিযোগের প্রতিবাদে এক আলোচনা সভার আয়োজন করেছে ইন্টার রিলিজিয়ান হারমোনি সোসাইটি।

স্বাধীনতার চেতনা বিরোধী ষড়যন্ত্রমূলক বানোয়াট কল্পকাহিনী উপস্থাপন করে বাংলাদেশের ভাবমূর্তি ক্ষুণ্ণ করার প্রতিবাদে ইন্টার রিলিজিয়ান হারমোনি সোসাইটি সর্ব ধর্মীয় নেতৃবৃন্দকে সাথে নিয়ে এই প্রতিবাদ সভার আয়োজন করেছে। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার পল্লীউন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী শ্রী স্বপন ভট্টাচার্য এবং বিশেষ অতিথি হিসেবে শ্রী নারায়ণ চন্দ্র চন্দ, এমপি, সাবেক মস্য প্রতিমন্ত্রী উপস্থিত থাকার জন্য সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। আলোচনায় সভায় বক্তব্য রাখবেন ড. সীতেশ চন্দ্র বাছার, চেয়ারম্যান ফার্মেসী বিভাগ ঢাকা বিশ্ববিদ্যালয়, অধ্যাপক ড. মোহাম্মদ আবদুল হাই, ড.উত্তম কুমার বড়ুয়া, পরিচালক, সোহরাওয়ার্দী হাসপাতাল, অসিত কুমার মুকুটমনি, সাবেক অতিরিক্ত সচিবসহ ধর্মীয় নেতৃবৃন্দ। সভায় সভাপতিত্ব করবেন ইন্টার রিলিজিয়ান হারমোনি সোসাইটি'র চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা মিঞা মুজিবুর রহমান এবং স্বাগত বক্তব্য প্রদান করবেন ইন্টার রিলিজিয়ান হারমোনি সোসাইটি'র সেক্রেটারী জেনারেল বীর মুক্তিযোদ্ধা ড. মনোরঞ্জন ঘোষাল।

আপনার একজন প্রতিবেদক ও আলোকচিত্রী পাঠিয়ে অনুষ্ঠানটি প্রচার/প্রকাশ করলে আমরা কৃতজ্ঞ থাকব।  
আপনার সহযোগিতা একান্ত কাম্য।

ধন্যবাদান্তে

বীর মুক্তিযোদ্ধা ড. মনোরঞ্জন ঘোষাল

মহাসচিব

ইন্টার রিলিজিয়ান হারমোনি সোসাইটি

মোবাইল: ০১৮১৯ ০৬৭৭৯৯৮, ০১৮৪২০৬৭৯৯৮